# অধ্যায়- ০৫

# জ্ঞানমূলক প্রশ্ন ও উত্তর

## প্রোগ্রাম কী? [দি. বোর্ড – ২০২৪, রা. বোর্ড ২০২৩, রা. বোর্ড ২০১৭, দি. বোর্ড ২০১৬, কু. বোর্ড ২০১৬]

কোন সমস্যা সমাধানের জন্য প্রোগ্রামিং ভাষায় লেখা ধারাবাহিক নির্দেশনার সমষ্টিকে প্রোগ্রাম (program) বলা হয়।

## প্রোগ্রামিং কী?

প্রোগ্রামিং ভাষা ব্যবহার করে প্রোগ্রাম রচনার পদ্ধতি বা কৌশলকে প্রোগ্রামিং (programming) বা কোডিং বলা হয়।

## প্রোগ্রামার কী?

কোন সমস্যা সমাধানের জন্য যে ব্যক্তি প্রোগ্রামিং ভাষায় প্রোগ্রাম লিখে তাকে প্রোগ্রামার বলা হয়।

## প্রোগ্রামিং ভাষা কী? [সি. বোর্ড – ২০২৪, কু. বোর্ড ২০১৭]

প্রোগ্রাম রচনার জন্য ব্যবহৃত শব্দ, বর্ণ, অংক, চিহ্ন প্রভৃতির সমন্বয়ে গঠিত রীতিনীতিকে প্রোগ্রামিং ভাষা (Programming Language) বলা হয়।

## মেশিন ভাষা কী? [ঢা. বোর্ড – ২০২৪]

মেশিন ভাষায় প্রোগ্রাম লেখার জন্য শুধুমাত্র ০ এবং ১ ব্যবহার করা হয়, ফলে কম্পিউটার সরাসরি বুঝতে পারে। এটি প্রথম প্রজন্মের এবং নিম্নস্তরের প্রোগ্রামিং ভাষা যা যন্ত্র নির্ভর।

## অ্যাসেম্বলি ভাষা কী? [চ. বোর্ড – ২০২৪]

অ্যাসেম্বলি ভাষায় প্রোগ্রাম লেখার জন্য বিভিন্ন নেমোনিক ব্যবহার করা হয়। এটি দ্বিতীয় প্রজন্মের এবং নিম্নস্তরের প্রোগ্রামিং ভাষা যা যন্ত্র নির্ভর।

## নেমোনিক কী?

অ্যাসেম্বলি ভাষায় ব্যবহৃত বিভিন্ন সংকেতকে নেমোনিক বলে। যেমনঃ ADD, SUB, MUL ও DIV ইত্যাদি।

## উচ্চস্তরের প্রোগ্রামিং ভাষা কী?

উচ্চস্তরের প্রোগ্রামিং ভাষা ইংরেজি ভাষার কাছাকাছি হওয়ায় প্রোগ্রামারের জন্য সহজে বোধগম্য। এটি তৃতীয় প্রজন্মের প্রোগ্রামিং ভাষা যা যন্ত্র নির্ভর নয়।

## 4GL কী? [ঢা. বোর্ড ২০১৯, ব. বোর্ড ২০১৭, য. বোর্ড ২০১৬]

4GL বলতে 4th Generation Language বা চতুর্থ প্রজন্মের ভাষা বুঝায়। 4GL এর সাহায্যে সহজেই অ্যাপ্লিকেশন তৈরি করা যায় বলে একে Rapid Application Development (RAD) টুলও বলা হয়।

## ভোলাটাইল মেমোরি কী? [ঢা. বোর্ড ২০২৩]

ভোলাটাইল মেমোরি হলো একধরণের প্রাইমারী মেমোরি, যাতে তথ্য অস্থায়ীভাবে সংরক্ষিত থাকে। RAM (Random Memory Access) হলো ভোলাটাইল মেমোরি।

## নন-ভোলাটাইল মেমোরি কী?

নন-ভোলাটাইল মেমোরি হলো একধরণের স্থায়ী মেমোরি। যেখানে প্রয়োজনীয় তথ্য স্থায়ীভাবে সংরক্ষিত থাকে। ডিস্ক ক্যাসেট (disc cassettes), hard disk drives (HDD)  solid-state drives (SSD), USB storage, মেমরি কার্ড ইত্যাদি নন-ভোলাটাইল মেমোরি।

## ভার্চুয়াল মেমোরি কী? [রা. বোর্ড ২০২৩]

একসঙ্গে অনেকগুলো প্রোগ্রাম চালালে কম্পিউটারের নিজের মেমোরি ছাড়াও প্রয়োজনমতো হার্ডডিস্কের জায়গা ব্যবহার করে। এটাকে কম্পিউটারের ভার্চুয়াল মেমোরি বলে।

## অনুবাদক প্রোগ্রাম কী? [ব. বোর্ড ২০১৯, কু. বোর্ড ২০১৭, রা. বোর্ড ২০১৬]

যে প্রোগ্রামের সাহায্যে উৎস (Source) প্রোগ্রামকে বস্তু (Object) প্রোগ্রামে রুপান্তর করা হয় তাকে অনুবাদক প্রোগ্রাম বলে।

## বস্তু প্রোগ্রাম (Object Program) কী? [ঢা. দি. য. সি. বোর্ড ২০১৮]

মেশিন ভাষায় লেখা প্রোগ্রামকে বলা হয় বস্তু প্রোগ্রাম (Object Program)।

## উৎস প্রোগ্রাম (Source program) কী?

উচ্চস্তরের ভাষায় লেখা প্রোগ্রামকে বলা হয় উৎস প্রোগ্রাম (Source program)।

## কম্পাইলার কী?

[কু. বোর্ড – ২০২৪, চ. বোর্ড ২০১৭, সি. বোর্ড ২০১৭, য. বোর্ড ২০১৭, ঢা. বোর্ড ২০১৬, ব. বোর্ড ২০১৬, মাদ্রাসা. বোর্ড ২০১৬]

কম্পাইলার একটি অনুবাদক প্রোগ্রাম যা উচ্চস্তরের প্রোগ্রামিং ভাষায় লেখা সম্পূর্ণ প্রোগ্রামকে একসাথে অনুবাদ করে।

**Amran Hossain Patway (01815-009393)**

## ইন্টারপ্রেটার কী?

ইন্টারপ্রেটার একটি অনুবাদক প্রোগ্রাম যা উচ্চস্তরের প্রোগ্রামিং ভাষায় লেখা প্রোগ্রামকে লাইন বাই লাইন অনুবাদ করে।

## আসেম্বলার কী? [মা. বোর্ড ২০২৩, ব. বোর্ড ২০২৩]

আসেম্বলার একটি অনুবাদক প্রোগ্রাম যা অ্যাসেম্বলি ভাষায় লেখা প্রোগ্রামকে যান্ত্রিক ভাষায় রুপান্তর করে।

## প্রোগ্রাম টেস্টিং কী?

সম্ভাব্য সকল ইনপুটের জন্য প্রোগ্রামটি সঠিক আউটপুট দিচ্ছে কিনা তা যাচাই করাকে প্রোগ্রাম টেস্টিং বলে।

## ডিবাগিং কী? [রা. বোর্ড – ২০২৪, কু. বোর্ড ২০২৩]

প্রোগ্রামের ভুল খুজে বের করে তা সমাধান করার প্রক্রিয়াকে বলা হয় ডিবাগ (Debug) বা ডিবাগিং।

## সিনট্যাক্স ভুল/ব্যাকরণগত ভুল? [ম. বোর্ড – ২০২৪, সি. বোর্ড ২০১৬]

প্রোগ্রামে প্রোগ্রামিং ভাষার সিনট্যাক্স বা ব্যাকরণগত যেসব ভুল থাকে তাকে বলা হয় সিনট্যাক্স ভুল। যেমন- বানান ভুল,কমা, ব্র্যাকেট ঠিকমতো না দেয়া ইত্যাদি।

## লজিক্যাল ভুল কী?

প্রোগ্রামে যুক্তির ভুল থাকলে তাকে বলে লজিক্যাল ভুল। যেমন- একটি সংখ্যা ২ দ্বারা বিভাজ্য হলে তা জোড় প্রদর্শনের পরিবর্তে বিজোড় প্রদর্শন।

## রান টাইম এরর কী? [সি. বোর্ড ২০১৯]

প্রোগ্রাম চলাকালীন সময় কোনো ত্রুটি প্রদর্শন হলে তাকে রান টাইম এরর বলে। কখনও কখনও এটি প্রোগ্রাম বন্ধও করে দিতে পারে।

## অ্যালগরিদম কী? [দি. বোর্ড ২০১৯]

একটি নির্দিষ্ট সমস্যা সমাধানের জন্য যুক্তিসম্মত সসীম সংখ্যক পর্যায়ক্রমিক ধাপ বা নির্দেশনা সমূহকে একত্রে অ্যালগোরিদম বলা হয়।

## ফ্লোচার্ট কী? [ব. বোর্ড – ২০২৪]

যে চিত্রভিত্তিক পদ্ধতিতে বিশেষ কতকগুলো প্রতীকের সাহায্যে একটি নির্দিষ্ট সমস্যার সমাধান করা হয় তাকে ফ্লোচার্ট বলা হয়।

**Amran Hossain Patwary (01815-009393)**

## সুডোকোড কী? [ম. বোর্ড ২০২৩, য. বোর্ড ২০১৯, ব. বোর্ড ২০১৭]

প্রোগ্রামের কার্যপ্রণালী উপস্থাপনার জন্য ইনফরমাল উপায়ে ইংরেজি ভাষায় লেখা কতগুলো নির্দেশনার সমষ্টিকে একত্রে সূডোকোড বলে।

# OOP কী?

OOP (Object-Oriented Programming) হল একটি প্রোগ্রামিং মডেল যাতে কোডের বিভিন্ন অংশকে অবজেক্টে ভাগ করা হয়, যেখানে প্রতিটি অবজেক্টের নিজস্ব ডেটা (properties) এবং ফাংশন (methods) থাকে।

# টোকেন কী? [মাদ্রাসা. বোর্ড ২০১৯]

প্রোগ্রামিং ভাষায় টোকেন হল কোডের ছোট ছোট মৌলিক ইউনিট, যেগুলো একত্রিত হয়ে একটি সম্পূর্ণ প্রোগ্রাম তৈরি করে।

# চলক কী?

[সি. বোর্ড ২০২৩, ঢা. বোর্ড ২০১৯, চ. বোর্ড ২০১৯, রা. কু. চ. ব. বোর্ড ২০১৮, য. বোর্ড ২০১৭, চ. বোর্ড ২০১৬]

প্রোগ্রাম নির্বাহের সময় যার মান পরিবর্তনশীল তাকে চলক বলে। প্রোগ্রামে ডেটা নিয়ে কাজ করার সময় প্রতিটি ডেটার জন্য একটি ভেরিয়েবল বা চলক ব্যবহার করা হয়।

# ধ্রুবক কী? [দি. বোর্ড – ২০২৪, কু. বোর্ড ২০১৯]

প্রোগ্রাম নির্বাহের সময় যার মান অপরিবর্তীত থাকে তাকে ধ্রুবক বলে। যেমন π এর মান হলো বা ৩.১৪২৮৫। π এর মানের কোনো পরিবর্তন হয় না।

# কী-ওয়ার্ড/ সংরক্ষিত শব্দ কী?

[ঢা. বোর্ড – ২০২৪, রা. বোর্ড – ২০২৪, য. বোর্ড – ২০২৪, কু. বোর্ড – ২০২৪, ম. বোর্ড – ২০২৪, ম. বোর্ড ২০২৩, দি. বোর্ড ২০২৩, য. বোর্ড ২০২৩, রা. বোর্ড ২০১৯, চ. বোর্ড ২০১৯, দি. বোর্ড ২০১৭]

কী-ওয়ার্ড (Keyword) হলো প্রোগ্রামিং ভাষায় পূর্বনির্ধারিত বা সংরক্ষিত শব্দ, যা বিশেষ কোনো কাজ বা কার্যক্রমকে নির্দেশ করে।

# ডেটা টাইপ কী?

ডেটার ধরনকে ডেটা টাইপ বলে। যেমন- int, float, double ইত্যাদি।

# float ডেটা টাইপ কী? [সি. বোর্ড ২০২৩]

float ডেটা টাইপ হল প্রোগ্রামিং ভাষায় ব্যবহৃত ডেটা টাইপ যা ভগ্নাংশ (fractional part) সহ পূর্ণসংখ্যা (integer part) সংরক্ষণ করতে ব্যবহার করা হয়।

**Amran Hossain Patwary (01815-009393)**

# অপারেটর কী?

প্রোগ্রামিং ভাষায় গাণিতিক এবং যৌক্তিক কাজ নিয়ন্ত্রণ করার জন্য কতগুলো বিশেষ চিহ্ন ব্যবহৃত হয়, এগুলোকে অপারেটর বলা হয়। যেমন- +, – , *, % ইত্যাদি।

# এক্সপ্রেশন কী? [য. বোর্ড ২০২৩]

এক্সপ্রেশন সাধারণত অপারেটর এবং অপারেন্ড (operand) এর সমন্বয়ে গঠিত যা একটি মান বা ফলাফল তৈরি করতে ব্যবহৃত হয়।

## ফরমেট স্পেসিফায়ার কী? [কু. বোর্ড ২০২৩]

ফরমেট স্পেসিফায়ার প্রোগ্রামিংয়ে printf ও scanf ইত্যাদি ফাংশনের মাধ্যমে আউটপুট বা ইনপুটকে নির্দিষ্টভাবে ফরম্যাট করার জন্য ব্যবহৃত হয়।

## কন্ট্রোল স্টেটমেন্ট কী? [সি. বোর্ড – ২০২৪]

কন্ট্রোল স্টেটমেন্ট (Control Statement) প্রোগ্রামিংয়ের এমন ধরনের স্টেটমেন্ট, যা প্রোগ্রামের প্রবাহ নিয়ন্ত্রণ করে।

## লুপ কন্ট্রোল স্টেটমেন্ট কী?

লুপ কন্ট্রোল স্টেটমেন্ট (Loop Control Statement) হল এমন কন্ট্রোল স্টেটমেন্ট, যা প্রোগ্রামে কোনো লুপের প্রবাহ নিয়ন্ত্রণ করে।

## লুপ কী? [চ. বোর্ড ২০২৩]

প্রোগ্রামের অংশ বিশেষ কোনো শর্তে না পৌঁছা পর্যন্ত নির্দিষ্ট সংখ্যক বার পুনরাবৃত্তি করাকে লুপিং বা লুপ বলা হয়।

## অ্যারে কী? [চ. বোর্ড ২০২৩, ঢা. বোর্ড ২০১৭]

অ্যারে হলো একই ধরনের বা সমপ্রকৃতির চলকের সমাবেশ।

## ফাংশন কী? [চ. বোর্ড – ২০২৪, য. বোর্ড – ২০২৪]

প্রোগ্রামে যখন কতগুলো স্টেটমেন্ট কোনো নামে একটি ব্লকের মধ্যে অবস্থান করে কোনো নির্দিষ্ট কাজ সম্পাদন করে তখন ব্লকটিকে ফাংশন বলা হয়।

## হেডার ফাইল কী? [য. বোর্ড ২০১৯]

হেডার ফাইল (Header File) হলো একটি ফাইল যা প্রোগ্রামে ফাংশন ডিক্লেয়ারেশন, কনস্ট্যান্ট ও টাইপ ডেফিনেশন ধারণ করে থাকে যা কোডের কার্যকরী এবং পুনঃব্যবহারযোগ্য অংশ তৈরিতে সহায়ক।

**Amran Hossain Patwary (01815-009393)**